



তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭
১০ জুন ২০২০

নম্বর ০৫.০০.০০০০.২০১.১৮.০০১.১৮.৪৭

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের অসমাপ্ত অংশ অনলাইনে সমাপ্তকরণ

এতদ্বারা ৭০-তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের প্রশিক্ষার্থীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২ মার্চ ২০২০ তারিখের ০৫.০০.০০০.২০১.১৮-৭০ নম্বর আদেশের পরিপ্রেক্ষিতে গত ২২ মার্চ ২০২০ তারিখ থেকে কোর্সের কার্যক্রম স্থগিত করা হয়। উক্ত কোর্সের অসমাপ্ত অংশ বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)-এর অধীনে অনলাইনে সমাপ্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২) এমতাবস্থায়, ৭০তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের অসমাপ্ত অংশ অনলাইনে সম্পন্নকরণের জন্য নিম্নবর্ণিত মূল্যায়ন প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে:

| মূল্যায়ন পদ্ধতি | বিস্তারিত | ভাষা | দৈর্ঘ্য | সময়সীমা | নম্বর |
|---------------------------------|---|--------|---------------------|----------------------|-------|
| সমস্যা সমাধান (এসাইনমেন্ট-১) | প্রশিক্ষণ মডিউলের অন্তর্ভুক্ত বিষয় সংক্রান্ত ৫টি প্রশ্নের মধ্য থেকে একটি প্রশ্নের উত্তর দিতে হবে। | ইংরেজি | ৫০০ থেকে ৮০০ শব্দ | ২ সপ্তাহ (১৫ দিন) | ১০০ |
| দীর্ঘ রচনা (এসাইনমেন্ট-২) | সমসাময়িক প্রাসঙ্গিক একটি বিষয়ে রেফারেন্স সহ দীর্ঘ রচনা। প্রশিক্ষার্থীরা ৫টি বিকল্প থেকে একটি বেছে নিবে। | ইংরেজি | ২৫০০ থেকে ৩০০০ শব্দ | ৪ সপ্তাহ (৩০ দিন) | ২০০ |

০৩) উক্ত অনলাইন মূল্যায়ন প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন করার লক্ষ্যে প্রশিক্ষার্থীগণকে নিম্নোক্ত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে-

| ক্রমিক | কার্যক্রম | সময়সীমা |
|--------|--|--|
| ১ | প্রশিক্ষার্থীগণের অনলাইন রেজিস্ট্রেশন। (বিপিএটিসি-এর ওয়েবসাইট এবং সংশ্লিষ্ট প্রশিক্ষণ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে ১৭ জুন ২০২০ তারিখ অপরাহ্নে রেজিস্ট্রেশন ও এসাইনমেন্ট সংক্রান্ত তথ্য সম্বলিত লিঙ্ক যুক্ত করা হবে) | ১৮ জুন ২০২০ সকাল ৯:০০ টা থেকে ২০ জুন ২০২০ বিকাল ৫:০০ টা পর্যন্ত |
| ২ | এসাইনমেন্ট-১ জমা প্রদান | ০৫ জুলাই ২০২০ বিকাল ৫:০০ টার মধ্যে |
| ৩ | এসাইনমেন্ট-২ জমা প্রদান | ২০ জুলাই ২০২০ বিকাল ৫:০০ টার মধ্যে |

০৪) কোনো প্রশিক্ষার্থী কোভিড-১৯ জনিত অসুস্থতা অথবা অন্য কোনো কারণে নির্ধারিত সময়ে অনলাইন মূল্যায়ন প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে অসমর্থ হলে উপযুক্ত প্রমাণকসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপসচিব, অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিকট আবেদন করতে হবে। পরিস্থিতি বিবেচনায় আবেদন গ্রহণযোগ্য হলে উক্ত প্রশিক্ষার্থীগণের জন্য পৃথক প্রশ্নপত্র প্রণয়নপূর্বক অনলাইন পরীক্ষার তারিখ পুনঃনির্ধারণ করা হবে।

০৫) অনলাইন মূল্যায়ন প্রক্রিয়া সংক্রান্ত কোনো স্পষ্টীকরণ বা দিকনির্দেশনা প্রয়োজন হলে বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)-এর নিম্নোক্ত অনুযয়দবর্গের সঙ্গে যোগাযোগ করা যেতে পারে-

| নাম | পদবি ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল ঠিকানা |
|--------------------------|--|---|
| জনাব মো: জাকির হোসেন | পরিচালক, কোর্স ম্যানেজমেন্ট কমিটি, ৭০ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | 01727745044 mzakirhossain@gmail.com |
| ড. মো: মহসীন আলী | পরিচালক, কোর্স ম্যানেজমেন্ট কমিটি, ৭০ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | 01711489786 mohoshin2005@gmail.com |
| জনাব মো: সিদ্দিকুর রহমান | পরিচালক, কোর্স ম্যানেজমেন্ট কমিটি-২, ৭০ তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স, বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র | 01712570054 acsiddique1975@gmail.com |

১০-৬-২০২০

মু. ইকরামুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ২) রেক্টর, বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
- ৩) মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
- ৪) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী
- ৫) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া
- ৬) মহাপরিচালক, টেলিকমিউনিকেশন স্টাফ কলেজ, গাজীপুর
- ৭) উপাধ্যক্ষ, পোস্টাল একাডেমী
- ৮) পরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব এ্যাডমিনিস্ট্রেশন এন্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন, বগুড়া
- ৯) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ১০) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, সিনিয়র সিস্টেমস এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১১) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (কারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়